

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।


উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ
সভাপতি : মলিনা রাণী রায়
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
সভার তারিখ : ১৮/১২/২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সভার সদস্যবৃন্দ হাজিরা পরিশিষ্ট 'ক' তে লিপিবদ্ধ আছে।

সভার শুরুতে মহান সৃষ্টিকর্তার স্মরণে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে সভার পরবর্তী কার্যক্রম চালিয়ে নেওয়ার জন্য অনুরোধ জানান। সভার সদস্য সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উহা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। সভার সদস্য সচিব জনাব মোসাম্মৎ দৌলাতুন নেছা নাজমা জানান যে, বিজয় দিবস/২৩ উদযাপন উপলক্ষ্যে ৫টি ইউনিয়নের ৫টি কিশোর কিশোরী ক্লাবের ক্লাব সদস্যদের নিয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠেয় হয়। প্রতিযোগিতার বিষয় ছিল দেশাত্ববোধক সংগীত পরিবেশন, কবিতা আবৃত্তি ও উপস্থিত বক্তৃতা। ক্লাব সদস্যবৃন্দ বিপুল উৎসাহ ও উদ্দীপনার সাথে দিবসটি পালন করে।

সিদ্ধান্ত : ৫টি কিশোর কিশোরী ক্লাবের পরবর্তী কার্যক্রম যথাযথভাবে তদারকি করার জন্য উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে অনুরোধ জানানোসহ আগামী উপজেলা মাসিক সমন্বয় সভায় উহা উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


18.12.2023
(মলিনা রাণী রায়)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

স্মারক নং উমবিককা/আগৈল/বরি/

তারিখ : ১৮/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
- ০৩। জনাব সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
- ০৪। অফিস কপি।


24.12.23
(মোসাম্মৎ দৌলাতুন নেছা নাজমা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।

নোটিশ

এতদ্বারা উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮/১২/২০২৩ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।



(মলিনা রাণী রায়)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
- ০৩। জনাব সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
- ০৪। অফিস কপি।